বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ৪৬

তারিখ: কার্তিক ২৭, ১৪৩২
নভেম্বর ১২, ২০২৫

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**বস্ত্রখাতে রপ্তানিতে বিশেষ নগদ সহায়তা প্রদান।**

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০-এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হলো।

০২। এফই সার্কুলার নম্বর ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০-এর নির্দেশনা অনুসারে নিজস্ব কারখানায় উৎপাদিত তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির বিপরীতে নিট এফওবি মূল্যের উপর উৎপাদনকারী-রপ্তানিকারক প্রতিষ্ঠান নগদ সহায়তা পেয়ে থাকে। সরকারি সিদ্ধান্তক্রমে এ মর্মে জানানো যাচ্ছে যে, আলোচ্য সুবিধার আওতায় মূল তৈরি পোশাক প্রস্তুতকারক প্রতিষ্ঠানের ন্যায় এবং একই হারে সাব-কন্ট্রাক্টিং প্রক্রিয়ায় উৎপাদিত ও রপ্তানিকৃত পণ্যে নিম্নলিখিত শর্তে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রযোজ্য হবে:

ক) নিজস্ব সচল কারখানা রয়েছে এমন প্রতিষ্ঠান/কোম্পানি কর্তৃক সাব-কন্ট্রাক্টিং প্রক্রিয়ায় উৎপাদিত তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির ক্ষেত্রে নিট এফওবি মূল্যের উপর উৎপাদনকারী-রপ্তানিকারক নগদ সহায়তা প্রাপ্য হবে;

খ) সাব-কন্ট্রাক্টিং প্রক্রিয়ার ক্ষেত্রে “তৈরি পোশাক শিল্পে সাব-কন্ট্রাক্টিং গাইডলাইন-২০১৯” এবং “সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪” অনুসরণ করতে হবে;

গ) উৎপাদনে জড়িত নয় এরূপ ট্রেডার প্রতিষ্ঠান/কোম্পানি এ সুবিধা প্রাপ্য হবে না।

০৩। সার্কুলার জারির তারিখ থেকে জাহাজিকৃত পণ্যের ক্ষেত্রে আলোচ্য নির্দেশনা কার্যকর হবে।

০৪। বস্ত্রখাতে রপ্তানিতে বিশেষ নগদ সহায়তা সংক্রান্ত জারিকৃত এফই সার্কুলার/সার্কুলার পত্রে বর্ণিত অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩